

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রেষণ-২ শাখা  
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.১৭.২৯৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬  
০৪ আগস্ট ২০১৯

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২.০৮.২০১৯ তারিখের ২৯৫ ও ২৯৬ সংখ্যক স্মারকমূলে 'ডেঙ্গু প্রতিরোধ সেলের 'সার্বিক কার্যক্রম পর্যালোচনা করার জন্য নিয়োগকৃত অফিসারবৃন্দের প্রতিপালনের নিমিত্তে সাধারণ নির্দেশনাসমূহ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২.০৮.২০১৯ তারিখের ২৯৫ সংখ্যক স্মারকমূলে 'ডেঙ্গু প্রতিরোধ সেলের 'সার্বিক কার্যক্রম পর্যালোচনা করার জন্য নিয়োগকৃত অফিসারবৃন্দের প্রতিপালনের নিমিত্তে সাধারণ নির্দেশনাসমূহ নিম্নে দেওয়া হলো:

- ক. প্রতিটি ওয়ার্ডে মশা মারার জন্য কি কি ধরনের মেশিন রয়েছে তার ধরন এবং সংখ্যা দ্রুত সংগ্রহ করতে হবে। একই সাথে প্রতি ওয়ার্ডে ক্লিনারদের সংখ্যা জানতে হবে।
- খ. প্রতি ওয়ার্ডে কতজন ছাত্র প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি, স্কাউটের সদস্য এবং অন্যান্য সংস্থার প্রতিনিধিরা কাজ করছে তার সঠিক সংখ্যা জানতে হবে।
- গ. প্রতি ওয়ার্ডের মধ্যে বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা দ্রুত সংগ্রহ করে এরিয়া অনুযায়ী ভাগ করতে হবে।
- ঘ. প্রতি শিক্ষা প্রতিষ্ঠানে দুই জন শিক্ষকের সমন্বয়ে একটি গুপ গঠন করতে হবে (প্রতি গুপে একজন পুরুষ এবং একজন নারী শিক্ষকের সমন্বয়ে হলে ভাল হয়)। উক্ত গুপটি ছাত্র এবং স্কাউটের প্রতিনিধিদের নিয়ে ওয়ার্ডের প্রতি ঘরে মশা নিধনে সহায়তা প্রদানসহ বাড়ির আশে-পাশে পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ করবে।
- ঙ. নিয়োগকৃত অফিসারের তত্ত্বাবধানে এবং নির্দেশনা অনুযায়ী শিক্ষক, ছাত্র, স্কাউট এবং অন্যান্য সংস্থার প্রতিনিধিরা কার্য এলাকার ঘরে ঘরে যাবেন।
- চ. অফিসারগন সচিবালয়ের প্রবেশের পরিচয় পত্র সার্বক্ষণিক সঙ্গে রাখবেন।
- ছ. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার সার্বিক নির্দেশনা অনুযায়ী কাজ করবেন।
- জ. প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয় 'ডেঙ্গু প্রতিরোধ সেল' সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা করবেন।
- ঝ. আগামী ০৫.০৮.২০১৯ তারিখ দুপুর ২ টায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে এবং একই তারিখ বিকেল ৪ টায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে 'ডেঙ্গু প্রতিরোধ সেল' এর সার্বিক কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয় উপস্থিত থাকবেন। কর্মকর্তাগণকে উল্লেখিত তথ্যসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০২। 'ডেঙ্গু প্রতিরোধ সেলের 'সার্বিক কার্যক্রম পর্যালোচনা করার জন্য নিয়োগকৃত কর্মকর্তাগণকে উপরের নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোছাঃ নাজমা নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪০৭৪

ই-মেইল: [depu2@mopa.gov.bd](mailto:depu2@mopa.gov.bd)

নম্বর: ০৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.১৭.২৯৮/১(২০০)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬  
০৪ আগস্ট ২০১৯

অনুলিপি সদয় অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব/রেস্ট্রার..... মন্ত্রণালয়/বিভাগ (নিয়োগকৃত কর্মকর্তাবৃন্দের প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা প্রদানসহ সংশ্লিষ্ট কার্যক্ষেত্রে রিপোর্টিং নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪. চেয়ারম্যান/মহাপরিচালক/বিভাগীয় কমিশনার,.....অধিদপ্তর/বিভাগ।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (নিয়োজিত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন)।
৬. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. জনাব.....।
৯. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপসচিব,..... জনপ্রশাসন মন্ত্রণালয়।
১১. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
১৫. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।